গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৩.৯৬.০১৫.২২-৭৬

তারিখঃ ০৯ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।
২৩ জানুয়ারী, ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয় : **২০২২-২০২৩ অর্থ বছরে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি)" ১ম পর্যায়ের বরাদ্দকৃত অর্থ ব্যয়ের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র : ১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০৫৩.২১.১১, তারিখ : ১০.০১.২০২৩ খ্রি.।
২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০৯৬.০২.০০১.২২-৪৪, তারিখ : ১১.০১.২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১ নং স্মারকের প্রেক্ষিতে জানোনো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে অতিদরিদ্রদদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ১ম পর্যায়ের কাজ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১ স্মারক মোতাবেক আগামী ২৫.০১.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সে আলোকে ১ম পর্যায়ের অবশিষ্ট শ্রমিক মজুরির বিল আগামী ৩১.০১.২০২৩ খ্রি. এর মধ্যে অত্র অধিদপ্তরে দাখিল করার জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে অনুরোধ করা হয়।

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১ নং স্মারকে আরো উল্লেখ করা হয় যে, ১ম পর্যায়ের ব্যয় বিবরণীসহ ২য় পর্যায়ের অর্থ ছাড়ের প্রস্তাব আগামী ১৫.০২.২০২৩ খ্রি. এর মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। সূত্রোক্ত ১নং স্মারকের পত্রের আলোকে ২য় পর্যায়ের অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের সংগে ১ম পর্যায়ের অর্থ ছাড়ের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে বিধায় তাঁর উপজেলার অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) কর্মসূচির ১ম পর্যায় বাস্তবায়নের সমাপ্তি প্রতিবেদন প্রয়োজন। ফলে পরিপত্রের নীতিমালার ৩.৯ (ঢ) এর আলোকে নির্ধারিত ছকে (৩২ কলাম) কর্মসূচি বাস্তবায়নের ৭ দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা রয়েছে।

৩। এমতাবস্থায়, সূত্রোক্ত ১ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের নিমিত্ত আগামী ১০.০২.২০২৩ খ্রি. এর মধ্যে নির্ধারিত ছকে ব্যয়িত অর্থের উপর আয়কর/ভ্যাট কর্তন, ব্যাংক স্টেটমেন্ট, অনুত্তোলিত অর্থের হিসাব অফিসের প্রত্যয়ন ইত্যাদি কাগজপত্র সংযুক্ত করে নিম্নস্বাক্ষরকারী বরাবর সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩/০১/২৩

(মো: নায়েব আলী)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন : ৮৮০-২৪৮৮১০৯৯০
ই-মেইল : ffwegpprelief@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
.....জেলা- .....।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। প্রকল্প পরিচালক, SMoDMRPA, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, পর্যটন ভবন, মহাখালী বা/এ, ঢাকা।
২। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল), ...।
৩। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), ...।
৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)....., জেলা- .....।
৬। উপসহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল)....., জেলা- .....।
৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
৮। পরিচালক (কাবিখা) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
৯। অফিস কপি।